



গবেষণার মান নিশ্চিত হইউজিসিকে সজাগ থাকতে হবে ॥ রাষ্ট্রপতি

প্রকাশিত: ১৯ - অক্টোবর, ২০১৮ ১২:০০ এ. এম.

বিডিনিউজ ॥ বিশ্ববিদ্যালয়গুলোতে গবেষণার মান নিশ্চিত করতে বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশনকে (ইউজিসি) সজাগ থাকতে বলেছেন রাষ্ট্রপতি মোঃ আবদুল হামিদ। ইউজিসির চেয়ারম্যান অধ্যাপক আবদুল মান্নানের নেতৃত্বে একটি প্রতিনিধি দল বৃহস্পতিবার বঙ্গভবনে সাক্ষাত করতে গেলে রাষ্ট্রপতি এ কথা বলেন। সাক্ষাতের সময় ইউজিসির ২০১৭ সালের বার্ষিক প্রতিবেদন রাষ্ট্রপতির কাছে পেশ করে প্রতিনিধি দল।

রাষ্ট্রপতির প্রেস সচিব মোঃ জয়নাল আবেদীন সাংবাদিকদের জানান, ‘সাক্ষাতের সময় রাষ্ট্রপতি বলেন, প্রতিযোগিতাশীল বিশ্বে টিকে থাকতে হলে গবেষণা খুবই গুরুত্বপূর্ণ। তাই বিশ্ববিদ্যালয়গুলোকে গবেষণা খাতে অগ্রাধিকার দিতে হবে এবং গবেষণার গুণগত মান যাতে নিশ্চিত হয় সেদিকে সজাগ থাকতে হবে।’

প্রতিবেদন পেশ করার সময় কমিশনের চেয়ারম্যান প্রতিবেদনের বিভিন্ন দিক সম্পর্কে রাষ্ট্রপতিকে অবহিত করেন।

চেয়ারম্যান জানান, গবেষণা খাতে ইতোমধ্যে বরাদ্দ কয়েকগুণ বৃদ্ধি পেয়েছে। ২০০৮-০৯ অর্থবছরে যেখানে গবেষণায় বরাদ্দ ছিল ১০ কোটি ৩৬ লাখ টাকা, ২০১৭-১৮ অর্থবছরে তা ৭৩ কোটি ৩০ লাখ টাকা হয়েছে। এছাড়া বিশ্ববিদ্যালয় ও সরকারী কলেজের শিক্ষকদের মানোন্নয়নে উচ্চতর প্রশিক্ষণ দেয়া হচ্ছে।

চেয়ারম্যান জানান, বিভিন্ন বিশ্ববিদ্যালয়ের একাডেমিক, প্রশাসনিক এবং আর্থিক ব্যবস্থাপনার ক্ষেত্রে স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিত করতে বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন তথ্য সম্বলিত ‘হায়ার এডুকেশন ম্যানেজমেন্ট ইনফরমেশন সিস্টেম’ নামে একটি ডেটাবেইজ তৈরি করা হয়েছে।

সাক্ষাতের সময় রাষ্ট্রপতি উচ্চশিক্ষার গুণগত মান নিশ্চিতসহ শিক্ষার সুষ্ঠু পরিবেশ নিশ্চিত করতে কমিশনকে প্রয়োজনীয় পদক্ষেপ নেয়ার পরামর্শ দেন বলে জানান প্রেস সচিব। রাষ্ট্রপতির কার্যালয়ের সংশ্লিষ্ট কর্মকর্তারা এ সময় উপস্থিত ছিলেন।